



জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসভুক্ত আইসিটি বিষয়ক অনলাইন কোর্স রিডিং ম্যাটেরিয়াল

৫.১ Microsoft PowerPoint

Microsoft PowerPoint পরিচিতি

Microsoft PowerPoint একটি বিশেষ ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা ব্যবহারকারীকে অডিও-ভিডিও উপাদান সমন্বয়ে কার্যকরী উপস্থাপনা তৈরি করতে সাহায্য করে। এই সফটওয়্যারের মাধ্যমে টেক্সট, ইমেজ, গ্রাফিক্স, অডিও এবং ভিডিও সংযুক্ত করে স্লাইড প্রস্তুত করা যায়। **Microsoft PowerPoint, Google Slides** এবং **Apple Keynote ও Canva Presentation** প্রেজেন্টেশন সফটওয়্যারের উদাহরণ। ব্যবসায়িক উপস্থাপনা, একাডেমিক ক্লাস, বৈজ্ঞানিক বক্তৃতাকে সহজবোধ্য ও আকর্ষণীয়ভাবে উপস্থাপনের জন্য এই সফটওয়্যার অপরিহার্য। এতে থাকা টেমপ্লেট, অ্যানিমেশন ও ট্রানজিশন বৈশিষ্ট্য উপস্থাপনাকে আরও প্রাণবন্ত ও কার্যকর করে তোলে।

Presentation Devices

প্রেজেন্টেশন ডিভাইস হল এমন সকল হার্ডওয়্যার যোগুলো ব্যবহার করে কোনো বিষয়বস্তু শ্রোতা বা দর্শকের সামনে প্রদর্শন করা হয়। সর্বাধিক পরিচিত প্রেজেন্টেশন ডিভাইসের মধ্যে রয়েছে **Projector** যা কম্পিউটারের স্ক্রীনকে একটি বড় **Projection Screen** বা দেয়ালে প্রদর্শন করে। আধুনিক **Interactive Whiteboard** ব্যবহার করে শুধু দেখানোই নয়, সরাসরি স্পর্শের মাধ্যমে নিয়ন্ত্রণও করা যায়। এছাড়াও বড় স্ক্রিন টেলিভিশন (**LCD/LED**) এবং কম্পিউটার মনিটরও সরাসরি সংযোগ দিয়ে প্রেজেন্টেশন দেখানোর জন্য বহুল ব্যবহৃত ডিভাইস। কিছু ক্ষেত্রে **Tablet** এবং **Smartphone** ছোট পরিসরে প্রেজেন্টেশনের কাজে ব্যবহার করা হয়। এই ডিভাইসগুলো মূলত অডিও-ভিজুয়াল কন্টেন্ট উপস্থাপনের জন্য অপরিহার্য।





Importance of Presentation

বর্তমানে একাডেমিক কাজে ও ক্যারিয়ার গঠনে ভালো প্রেজেন্টেশন বেশ গুরুত্ব রয়েছে। এর মাধ্যমে-

- 🎯 প্রেজেন্টেশন সফটওয়্যারের ডায়াগ্রাম, ফ্লো-চার্ট ও স্মার্ট-আর্ট-এর সাহায্যে খুব জটিল ও জটিল ধারণাগুলোকে সহজ ও পর্যায়ক্রমিকভাবে উপস্থাপন করা।
 - 🗣️ ভিজুয়াল উপস্থাপনার মাধ্যমে বিষয়বস্তু শ্রোতাদের কাছে দীর্ঘস্থায়ী করা যায়।
 - 👥 রঙ, অ্যানিমেশন ও স্লাইডের বিভিন্নতার জন্য শ্রোতাদের আগ্রহ বৃদ্ধি পায়।
 - 🕒 সংগঠিত উপস্থাপনের ফলে সময় কম লাগে।
 - 🌐 অনলাইন শেয়ার ও উপস্থাপনার মাধ্যমে দূর শিক্ষণ পরিচালনা করা যায়।
- এছাড়াও, সুন্দর ও সংগঠিত একটি উপস্থাপনা প্রতিষ্ঠান বা ব্যক্তির পেশাদারিত্ব ও প্রস্তুতির পরিচয় দেয়, যা শ্রোতাদের মধ্যে বিশ্বাস ও আস্থা তৈরি করতে সাহায্য করে। সফটওয়্যারের গ্রাফ ও চার্ট টুলস ব্যবহার করে সরাসরি এক্সেল বা অন্যান্য স্প্রেডশীট থেকে ডেটা নিয়ে এসে জীবন্ত ও বোধগম্য ভিজুয়ালে রূপান্তর করা যায়।

সংক্ষেপে বলা যায়, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনা ও যোগাযোগের ক্ষেত্রে একটি আধুনিক ও কার্যকর মাধ্যম।

Presentation Design Principles

এতক্ষণ আমরা প্রেজেন্টেশনের কিছু গুরুত্বপূর্ণ দিকগুলো সম্পর্কে জানলাম। এবার জেনে নিই, ভালো প্রেজেন্টেশন ডিজাইনের কিছু গাইডলাইন। যেমন-

পাওয়ারপয়েন্ট লেআউট (Power Point Layout)	একটি প্রেজেন্টেশনে স্লাইড লেআউটের ধারাবাহিকতা রাখতে হবে। টাইটেল, সাব-টাইটেল এবং লোগো একই স্থানে দেখাতে হবে। একই Background ব্যবহার করতে হবে।
ফন্ট (Font)	ফন্ট স্টাইল অবশ্যই পাঠযোগ্য এবং স্লাইডের সাথে মানানসই হতে হবে।
কালার কম্বিনেশন (Color Combination)	একটি প্রেজেন্টেশনে কালার কম্বিনেশন খুবই গুরুত্বপূর্ণ। এমন কোন কালার স্লাইডে ব্যবহার করা উচিত নয় যা পড়তে অসুবিধা হয়। যেমন: সবুজ-নীল বা সবুজ-কমলার কম্বিনেশন।
গ্রাফিক্স ও ইমেজ (Graphics & Images)	গ্রাফিক্স ভিজুয়াল আবেদন বাড়ায়। তাই স্লাইডে উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ ভাল মানের ছবি ক্যাপশনসহ ব্যবহার করতে হবে। তবে বেশি ছবি ব্যবহার না করাই ভালো।
সময় (Timing)	নির্দিষ্ট সময়ের মধ্যে উপস্থাপনা শেষ করতে হবে। প্রতিটি স্লাইডে ৩-৫ মিনিট ব্যয় করা যেতে পারে।
অ্যানিমেশন (Animation)	পুরো উপস্থাপনায় একই অ্যানিমেশন ব্যবহার করুন। একের বেশি অ্যানিমেশনের ব্যবহার এড়িয়ে চলুন।

Presentation Terminology

পরিভাষা (Term)	সংক্ষিপ্ত বিবরণ (Short Detail)
স্লাইড (Slide)	একটি উপস্থাপনার একটি একক পৃষ্ঠা বা স্ক্রিন
টেমপ্লেট (Template)	একটি প্রাক-নকশাকৃত লে-আউট এবং স্টাইল
লেআউট (Slide layout)	এখানে স্লাইডে টেক্সট ও ছবি ব্যবহারের বিভিন্ন ধরন দেখা যায়।



প্লেসহোল্ডার (Placeholder)	টেক্সট, ছবি বা অন্যান্য অবজেক্টের জন্য স্লাইডের একটি নির্ধারিত বস্তুকৃত এলাকা
ট্রানজিশন (Transition)	এক স্লাইড থেকে অন্য স্লাইডে যাওয়ার ভিজুয়াল ইফেক্ট
অ্যানিমেশন (Animation)	একটি স্লাইডের বিভিন্ন উপাদানে প্রয়োগকৃত ভিজুয়াল ইফেক্ট
স্পিকার নোটস (Speaker Notes)	উপস্থাপকের জন্য যোগ করা নোট, যা দর্শকরা দেখতে পায় না
মাস্টার স্লাইড (Master Slide)	প্রধান স্লাইড যার অন্যান্য স্লাইডের ডিজাইন করা যায়

এই মডিউল থেকে আমরা যা অর্জন করতে পেরেছি-

- প্রেজেন্টেশন সংশ্লিষ্ট ডিভাইস ও সফওয়্যার
- ভালো প্রেজেন্টেশনের গুরুত্ব
- প্রেজেন্টেশন ডিজাইনের গাইডলাইন
- প্রেজেন্টেশন সম্পর্কিত শব্দাবলী

এই বিষয় আরো জানতে হলে নিচের লিংকে ভিজিট করতে পারবেন-

- <https://edu.gcfglobal.org/en/powerpoint>
- <https://www.slideshare.net/slideshow/basic-skills-12890632/12890632>
- <https://www.youtube.com/watch?v=pj8chkuVI8s>